ভোরের কাগজ

তারিখ JUL 13 1999
পৃষ্ঠা 2 কলাম 4

14

# শিক্ষক প্রতিনিধিদের সঙ্গে আলাপ করে বেতনের বিষয় চূড়ান্ত করা হবে

## ফেডারেশন নেতৃবৃন্দকে শিক্ষামন্ত্রী

**কাগজ প্রতিবেদক :** শিক্ষক প্রতিনিধিদের সঙ্গে আলোচনা করে বেসরকারি শিক্ষকদের ১০০ ভাগ মূল বেতন প্রদানের বিষয়টি চূড়ান্ত করা হবে। শিক্ষক সমিতি ফেডারেশনের প্রতিনিধিদের সঙ্গে মন্ত্রণালয়ে অনুষ্ঠিত এক সভায় শিক্ষামন্ত্রী এ এস এইচ কে সাদেক এ কথা জানিয়েছেন। গতকাল সোমবার এ সভা অনুষ্ঠিত হয়।

শিক্ষামন্ত্রী শিক্ষক প্রতিনিধিদের সুপারিশ ও প্রস্তাব বিবেচনায় এনে শিক্ষকদের ১০০ ভাগ মূল বেতন প্রদানের সিদ্ধান্ত নেওয়া হবে বলে ফেডারেশন নেতৃবৃন্দকে আশ্বস্ত করেন। সভায় শিক্ষক সমিতি ফেডারেশনের মহাসচিব অধ্যক্ষ কাজী ফারুক আহমেদ মেধাবী ব্যক্তিদের বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষক হিসেবে নিয়োগ নিশ্চিত করার লক্ষ্যে পাবলিক সার্ভিস কমিশনের মাধ্যমে শিক্ষক নিয়োগ করার প্রস্তাব দেন।

ফেডারেশনের পক্ষে শিক্ষার মানোন্নয়নে শিক্ষক, শিক্ষার্থী ও শিক্ষা প্রতিষ্ঠানের সমন্বিত উন্নয়ন সংক্রান্ত ১৫ দফা প্রস্তাব ও পাবলিক পরীক্ষার নকল প্রতিরোধে ৭ দফা সুপারিশ শিক্ষামন্ত্রীর কাছে পেশ করা হয়।